

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩১

ভূমিকা (المقدمة)

আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ، حَدَّثَنَا حَمَادُ بْنُ سَلَمَةَ، عَنْ دَاؤِدَ، عَنِ الشَّعْبِيِّ، أَنَّ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: يَا أَيُّهَا النَّاسُ إِنَّا لَا نَدْرِي، لَعَلَّنَا نَأْمُرُكُمْ بِأَشْيَاءَ لَا تَحْلُّ لَكُمْ، وَلَعَلَّنَا نُحَرِّمُ عَلَيْكُمْ أَشْيَاءَ هِيَ لَكُمْ حَلَالٌ، إِنَّ آخِرَ مَا نَزَّلَ مِنَ الْقُرْآنِ آيَةُ الرِّبَا، وَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يُبَيِّنْهَا لَنَا حَتَّى مَاتَ، فَدَعُوا مَا يَرِبِّيْكُمْ إِلَى مَا لَا يَرِبِّيْكُمْ

إسناده ضعيف لانقطاعه الشعبي لم يدرك عمر بن الخطاب

বাংলা

১৩১. শা'বী বলেন, উমার রাদিয়াল্লাহু আনহু বলেছেন, হে মানবমণ্ডলী! আমরা (অনেক কিছুই) জানি না। আমরা হয়তো তোমাদেরকে এমন বিষয়ে আদেশ করে ফেলি, যা তোমাদের জন্য হালাল নয়। আবার এমন সব বস্তু হয়তো তোমাদের উপর হারাম ঘোষণা করি, যা মূলত তোমাদের জন্য হালাল। আর কুরআনের সর্বশেষ নাযিল হওয়া আয়াত হল, সুদ সংক্রান্ত আয়াত। আর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে মৃত্যু পর্যন্ত তা (তোমরা যেসকল বিষয়ে প্রশ্ন কর, তার সমস্ত বিষয়) সুস্পষ্টভাবে বর্ণনা করে যাননি। ফলে যা তোমাদেরকে সন্দেহে ফেলে তা পরিত্যাগ করে যা সন্দেহে ফেলে না, তা গ্রহণ করো। [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ। শা'বী উমার রাদিয়াল্লাহু আনহু এর সাক্ষাত পাননি। এজন্য এর সনদে ইনকিতা' (বিচ্ছিন্নতা) থাকায় এটি যয়ীফ। (তবে সহীহ বুখারীতে ইবনু আব্বাস থেকে সর্বশেষ আয়াত সম্পর্কে হাদিস বর্ণিত রয়েছে, সহীহ বুখারী, কিতাবুত তাফসীর, হাদীস নং- ৪৫৪৪।- ফাতভুল মান্নান।)

তাখরীজ: তাবারী, তাফসীর ৩/১১৪; (ইবনু মাজাহ, কিতাবুত তিজারাত, নং ২২৭৬ সাঈদ ইবনুল মুসায়েব, উমার রাদিয়াল্লাহু আনহু হতে (আলবানী এর সনদকে সহীহ বলেছেন ; বুখারী, তালিক হিসেবে - ফাতভুল মান্নান, অত্র হাদীসের ব্যাখ্যা দ্রঃ:- অনুবাদক)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69442>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন